“কিয়ামতের দিন ঐ ব্যক্তির সর্বাপেক্ষা লঘু ’আযাব হবে, যার দু’পায়ের তলায় রাখা হবে জ্বলন্ত অঙ্গার, তাতে তার মগয ফুটতে থাকবে”।

নু‘মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “কিয়ামতের দিন ঐ ব্যক্তির সর্বাপেক্ষা
লঘু ’আযাব হবে, যার দু’পায়ের তলায় রাখা হবে জ্বলন্ত অঙ্গার, তাতে তার মগয ফুটতে
থাকবে”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, কিয়ামতের দিন সবচেয়ে হালকা হবে সে ব্যক্তির আযাব যার জন্য দু’টো স্যান্ডেল ও বুট হবে যার গরমে তার মগয টগবগ করবে, যেমন তামার পাত্র টগবগ করে এবং সে তার চেয়ে বেশী শাস্তিতে কাউকে মনে করবে না; যদিও সে সবচেয়ে হালকা শাস্তিতে থাকবে, এটির কারণ হল যাতে তার উপর শারীরিক ও মানসিক উভয় শাস্তি একত্রিত হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/4220